ক. Generation Penetrated Transtromation
খ. Generation Protocol Training Institute
গ. ■ Generative Pre-Trained Transformer
ঘ. Generative Protocol Trend

ব্যাখ্যা:

১০১. কম্পিউটার Queue হিসাবে পরিচিত কোনটি?
ক. ■ FIFO Memory খ. FILO Memory
গ. Flash Memory ঘ. HIPPO Memory

ব্যাখ্যা: কম্পিউটারে "Queue" (কিউ) বলতে FIFO Memory (ফার্স্ট ইন, ফার্স্ট আউট মেমরি) বা First-In First-Out মেমরিকে বোঝানো হয়, যা একটি ডেটা স্ট্রাকচার যেখানে ডেটাগুলো একটি নির্দিষ্ট ক্রমে প্রবেশ করে এবং সেই একই ক্রমে বের হয়, অর্থাৎ প্রথমে যে ডেটাটি ঢোকে, সেটিই সবার আগে বের হয়।

১০২. সাইবার নিরাপত্তা ব্যবস্থায় physical security পরিমাপের উদাহরণ নিচের কোনটি?

ক. Antivirus software

খ. Firewalls

গ. ■ Biometric access control

ঘ. Encryption

ব্যাখ্যা: বায়োমেট্রিক অ্যাক্সেস কন্ট্রোল সিকিউরিটি সিস্টেম শুধুমাত্র অনুমোদিত ব্যবহারকারীদের জন্য একটি ভবনে ভৌত প্রবেশের অনুমতি দেয়। বেশিরভাগ সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান তাদের প্রাঙ্গণে ভৌত প্রবেশ নিয়ন্ত্রণের জন্য এই উচ্চ-স্তরের নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করছে। এই সিস্টেমটি সাধারণত লিফট, দরজা ইত্যাদির মতো বেশ কয়েকটি ভবন এলাকায় দেখা যায়।

১০৩. $(1657)_8$-এর হেক্সাডেসিমেল মান কত?

ক. $(2DF)_{16}$ খ. ■ $(3AF)_{16}$

গ. $(39F)_{16}$ ঘ. $(3B7)_{16}$

ব্যাখ্যা:



১০৪. নিচের কোন ডিভাইসটি ডেটা ফিল্টারিংয়ের জন্য ব্যবহৃত হয়?

ক. রিপিটার (Repeater) খ. হাব (Hub)

গ. ব্রিজ (Bridge) ঘ. ■ সুইচ (Switch)

ব্যাখ্যা: ডেটা ফিল্টারিং এর জন্য মূলত সুইচ (Switch) এবং রাউটার (Router) ডিভাইস দুটি ব্যবহৃত হয়, তবে উভয়ের ফিল্টারিংয়ের ধরন ভিন্ন। সুইচ MAC অ্যাড্রেস ব্যবহার করে নির্দিষ্ট ডিভাইসে ডেটা পৌঁছে দেয় এবং অপ্রয়োজনীয় ডেটা বাদ দেয়, যা এক ধরনের ডেটা ফিল্টারিং। অন্যদিকে, রাউটার বিভিন্ন নেটওয়ার্কের মধ্যে সংযোগ স্থাপন করে এবং ডেটা প্যাকেটকে নির্দিষ্ট গন্তব্যে পৌঁছানোর জন্য ফিল্টার করে।

১০৫. কম্পিউটারে অঙ্কন, স্কেচ, হাতের লেখা ইত্যাদি সরাসরি ইনপুট করার জন্য সাধারণত কোন ইনপুট ডিভাইসটি ব্যবহৃত হয়?

ক. ■ Digitizer খ. Keyboard

গ. Microphone ঘ. Mouse

ব্যাখ্যা: কম্পিউটারে অঙ্কন, স্কেচ, হাতের লেখা ইত্যাদি সরাসরি ইনপুট করার জন্য গ্রাফিক্স ট্যাবলেট (বা ডিজিটাইজার) নামক ইনপুট ডিভাইসটি ব্যবহৃত হয়। এই ডিভাইসটিতে একটি স্টাইলাস বা ডিজিটাল কলম থাকে, যা দিয়ে ব্যবহারকারী সরাসরি ট্যাবলেটের উপর এঁকে বা লিখে কম্পিউটারে ইনপুট দিতে পারে।

১০৬. কুষাণ বংশের সর্বশ্রেষ্ঠ রাজা কে ছিলেন?

ক. শশাঙ্ক খ. বাসুদেব

গ. ■ কণিষ্ক ঘ. গোপাল

ব্যাখ্যা: কুষাণ বংশের প্রতিষ্ঠাতা ছিলেন সম্রাট কুজুল কদফিসেস ও সর্বশ্রেষ্ঠ শাসক ছিলেন কনিষ্ক।

১০৭. বাংলাদেশের একমাত্র গন্ধক খনি কোথায় অবস্থিত?

ক. ■ কুতুবদিয়া খ. হাতিয়া গ. হরিপুর ঘ. সন্দীপ

ব্যাখ্যা: বাংলাদেশের একমাত্র গন্ধক খনি পাওয়া গেছে কক্সবাজার জেলার কুতুবদিয়ায়।

১০৮. বাংলাদেশের প্রদত্ত বীরত্বের খেতাবসমূহের মাঝে মর্যাদার ক্রমানুসারে তৃতীয় খেতাব কোনটি?

ক. বীর প্রতীক খ. বীরশ্রেষ্ঠ গ. বীর উত্তম ঘ. ■ বীর বিক্রম

ব্যাখ্যা:

১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর মুক্তিযুদ্ধে সাহসিকতা ও বীরত্ব প্রদর্শনের স্বীকৃতিস্বরূপ ৪ ধরণের খেতাব প্রদান করেন।

- প্রথম খেতাবপ্রাপ্ত বীরশ্রেষ্ঠ- ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর।
- প্রথম বীরউত্তম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা- লে. কর্নেল আবদুর রব (চিফ অব স্টাফ)।
- প্রথম বীরবিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা- মেজর খন্দকার নাজমুল হুদা।
- প্রথম বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা- মোহাম্মাদ আবদুল মতিন।
- বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত ২ জন নারী- ডা. সেতারা বেগম ও তারামন বিবি।
- একমাত্র বিদেশী বীর প্রতীক খেতার প্রাপ্ত- ডব্লিউ.এইচ. ওডারল্যান্ড।

১০৯. মোবাইল কোর্ট পরিচালনা করেন কে?

ক. জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট খ. ■ নির্বাহী ম্যাজিস্ট্রেট

গ. পাবলিক প্রসিকিউটের ঘ. অ্যাটর্নি জেনারেল

ব্যাখ্যা: মোবাইল কোর্ট আইন ২০০৯-এর ধারা ৫ অনুযায়ী "সরকার সমগ্র দেশে কিংবা যে কোন জেলা বা মেট্রোপলিটন এলাকায় যে কোন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাহার আঞ্চলিক অধিক্ষেত্রে যে কোন এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে আইন শৃঙ্খলা রক্ষা এবং অপরাধ প্রতিরোধ কার্যক্রম সম্পাদনের উদ্দেশ্যে লিখিত আদেশ দ্বারা মোবাইল কোর্ট পরিচালনা করিবার ক্ষমতা অর্পণ করিতে পারিবে।"

১১০. 'মোহামেডান লিটারারি সোসাইটি' কে প্রতিষ্ঠা করেন?

ক. ■ নবাব আব্দুল লতিফ খ. সৈয়দ আহমদ খান

গ. নবাব সলিমুল্লাহ ঘ. স্যার সৈয়দ আহমদ খান

ব্যাখ্যা: মোহামেডান লিটারেরি সোসাইটি একটি সামাজিক সংগঠন। ১৮৬৩ সালে নওয়াব আবদুল লতিফ কর্তৃক কলকাতায় প্রতিষ্ঠিত।

১১১. ঢাকা শহরের প্রথম ফ্লাইওভার কোনটি?

ক. মালিবাগ-মৌচাক ফ্লাইওভার খ. ■ মহাখালী ফ্লাইওভার

গ. যাত্রাবাড়ী-গুলিস্তান ফ্লাইওভার ঘ. ■ খিলগাঁও ফ্লাইওভার

ব্যাখ্যা: ঢাকার প্রথম ফ্লাইওভার প্রকল্প ছিল খিলগাঁও ফ্লাইওভার। এরপর মহাখালী ফ্লাইওভার প্রকল্পের কাজ শুরু হয় এবং মহাখালী ফ্লাইওভারই প্রথম চালু হয়। সে হিসেবে মহাখালী ফ্লাইওভারই ঢাকার প্রথম ফ্লাইওভার। এরপর খিলগাঁও এবং তেজগাঁও ফ্লাইওভার চালু হয়।

১১২. বাগেরহাটের ষাটগম্বুজ মসজিদের গম্বুজ সংখ্যা কত?

ক. ৬০ খ. ৭০ গ. ৭৯ ঘ. ■ ৮১

ব্যাখ্যা: ষাট গম্বুজ মসজিদে প্রকৃত গম্বুজের সংখ্যা ৮১টি। মসজিদের ছাদের উপরে ৭৭টি এবং চার কোণায় চারটি সহ মোট ৮১টি গম্বুজ রয়েছে।

১১৩. 'কোচ' ক্ষুদ্র নৃগোষ্ঠীরা বাংলাদেশের কোন জেলায় বসবাস করে?

ক. ■ শেরপুর খ. কক্সবাজার গ. সিলেট ঘ. পটুয়াখালী

ব্যাখ্যা: রাজবংশী ও কোচ উপজাতি বাস করে শেরপুর জেলায়। এছাড়া রংপুরেও রাজবংশীদের বসবাস রয়েছে।

১১৪. ২০২৪-২৫ অর্থবছরে প্রবাসীরা দেশে রেকর্ড কত বিলিয়ন ডলার রেমিট্যান্স পাঠিয়েছেন?

ক. ২৬.০৪ বিলিয়ন ডলার খ. ২৮.০৪ বিলিয়ন ডলার

গ. ৩০.০৪ বিলিয়ন ডলার ঘ. ৩২.০৪ বিলিয়ন ডলার

ব্যাখ্যা: বিদায়ী ২০২৪-২৫ অর্থবছরে বিদেশ থেকে রেকর্ড প্রায় ৩০ দশমিক ৩৩ বিলিয়ন ডলার অর্থ পাঠান প্রবাসীরা। [সোর্স: প্রথম আলো]

১১৫. উইং কমান্ডার খাদেমুল বাশার মুক্তিযুদ্ধের সময় কত নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন?

ক. ৪নং সেক্টর খ. ৫নং সেক্টর
গ. ■ ৬নং সেক্টর ঘ. ৮নং সেক্টর

ব্যাখ্যা: মোহাম্মদ **খাদেমুল বাশার** জুন মাস থেকে মুক্তিবাহিনীর ৬ নম্বর সেক্টরে অধিনায়ক হিসেবে দায়িত্ব পালন করেন। বৃহত্তর রংপুর ও বৃহত্তর দিনাজপুর জেলার অংশবিশেষ (ঠাকুরগাঁও মহকুমা, বর্তমান ঠাকুরগাঁও জেলা) নিয়ে ছিল এ **সেক্টর**।

১১৬. বাংলাদেশের কৃষিতে 'হীরা' ও 'কার্ডিনাল' কোন ফসলের উন্নত জাত?

ক. ■ আলু খ. বেগুন গ. সরিষা ঘ. টমেটো

ব্যাখ্যা: আলুর উন্নত জাত ⟶ ডায়মন্ড, হীরা, কার্ডিনাল, কুফরী ও সিন্দুরী।

১১৭. বাংলাদেশের প্রথম আদমশুমারি অনুষ্ঠিত হয় কত সালে?

ক. ১৯৭২ সালে খ. ১৯৭৩ সালে
গ. ■ ১৯৭৪ সালে ঘ. ১৯৭৫ সালে

ব্যাখ্যা: বাংলাদেশের আদমশুমারি ও গৃহগণনা হয় ১৯৭৪ সালের ফেব্রুয়ারি মাসে। প্রতি ১০ বছর পরপর ১৯৮১, ১৯৯১, ২০০১ ও ২০১১ সালে আদমশুমারি ও গৃহগণনা হয়েছে। কিন্তু করোনাভাইরাসের সংক্রমণের কারণে ২০২১ সালে না হয়ে একবছর পিছিয়ে যায়। **২০২২** হচ্ছে বাংলাদেশে অনুষ্ঠিত দেশের ষষ্ঠ জাতীয় আদমশুমারি। এটি বাংলাদেশের প্রথম ডিজিটাল আদমশুমারি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তত্ত্বাবধানে ২০২২ সালের ১৫ জুন থেকে ২১ জুন পর্যন্ত এক সপ্তাহব্যাপী অনুষ্ঠিত হয়।

১১৮. বর্তমানে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর কে?

ক. গোলাম আরিফ টিপু খ. ■ তাজুল ইসলাম
গ. মোহাম্মদ শিশির মনির ঘ. সৈয়দ রেজাউর রহমান

ব্যাখ্যা: তাজুল ইসলাম, একজন সুপ্রিম কোর্টের আইনজীবী, ৭ সেপ্টেম্বর ২০২৪ সালে সরকারের মাধ্যমে **আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের** প্রধান **প্রসিকিউটর** হিসেবে নিয়োগপ্রাপ্ত হন।

১১৯. ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে 'রিমেম্বারিং আওয়ার হিরোস' কর্মসূচি কবে পালিত হয়?

ক. ■ ১ আগস্ট খ. ২ আগস্ট
গ. ৩ আগস্ট ঘ. ৪ আগস্ট

ব্যাখ্যা: ২০২৪ সালের ১ আগস্ট (৩২ জুলাই) বৃহস্পতিবার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'রিমেম্বারিং আওয়ার হিরোজ' কর্মসূচি পালিত হয়। ৩২ জুলাই বৃহস্পতিবার ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা ও মহানগরে এসব কর্মসূচি পালন করে শিক্ষার্থীরা।

১২০. ৪৭তম জিআই পণ্যের স্বীকৃতি পাওয়া 'রাতা বোরো ধান' কোন জেলার?

ক. ■ কিশোরগঞ্জ খ. দিনাজপুর
গ. মুন্সীগঞ্জ ঘ. নরসিংদী

ব্যাখ্যা: ভৌগোলিক নির্দেশক (জিআই) পণ্যের সনদ পেয়েছে কিশোরগঞ্জের সুস্বাদু রাতাবোরো ধান ও দেশবিদেশে বিখ্যাত অষ্টগ্রামের পনির।

১২১. বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন কোন মন্ত্রণালয়ের অধীনে?

ক. সমাজসেবা মন্ত্রণালয় খ. সংস্কৃতি মন্ত্রণালয়
গ. ডাক ও টেলিযোগযোগ ঘ. ■ তথ্য ও সম্প্রচার

ব্যাখ্যা: বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন (এফডিসি নামেও পরিচিত) বাংলাদেশের তথ্য **মন্ত্রণালয়ের অধীনে** থাকা একটি আধা স্বায়ত্তশাসিত সরকারি সংস্থা।

১২২. বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে মৌলিক অধিকারের সহিত অসামঞ্জস্য আইন বাতিলের কথা বলা হয়েছে?

ক. ■ ২৬নং খ. ২৭নং
গ. ২৮নং ঘ. ২৯নং

ব্যাখ্যা: তৃতীয় ভাগ "**মৌলিক অধিকার**"-এর শুরুতেই ২৬ নং **অনুচ্ছেদে বলা হয়েছে**, **মৌলিক অধিকারের** সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ কোনো **আইন** করা যাবে না। আর যদি করা **হয়**, তবে তা স্বতঃসিদ্ধভাবে **বাতিল** হয়ে যাবে। এই **অনুচ্ছেদ** অনুসারে, **মৌলিক অধিকারের** পরিপন্থী পূর্বেকার সকল **আইন** সাংবিধানিকভাবে অবৈধ।

১২৩. বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর কোনটি?

ক. হিলি খ. সোনা মসজিদ
গ. আখাউড়া ঘ. ■ বেনাপোল

ব্যাখ্যা: বেনাপোল **স্থলবন্দর** , যশোর জেলার শার্শা উপজেলার বেনাপোল শহরে অবস্থিত **বাংলাদেশের বৃহত্তম স্থলবন্দর**। এই বন্দরটি বেনাপোল-পেট্রাপোল সীমান্ত দিয়ে ভারতের সাথে রপ্তানি-আমদানি করতে ব্যবহৃত হয়।

১২৪. আয়তনে বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা কোনটি?

ক. ■ নারায়ণগঞ্জ খ. রাঙামাটি গ. ফেনী ঘ. গাজীপুর

ব্যাখ্যা: আয়তনে ছোট জেলা- নারায়নগন্জ। জনসংখ্যায় বড় জেলা-ঢাকা। জনসংখ্যায় ছোট জেলা-বান্দরবন।

১২৫. মুক্তিযুদ্ধের সময় কার নেতৃত্বে ওয়াশিংটনে বাংলাদেশ মিশন খোলা হয়েছিল?

ক. আবু সাঈদ চৌধুরী খ. কাজী নিয়াজ উদ্দিন
গ. এ আর মল্লিক ঘ. ■ এম আর সিদ্দিকী

ব্যাখ্যা: মুক্তিযুদ্ধের সময় এম আর সিদ্দিকী এর নেতৃত্বে ওয়াশিংটনে ও আবু সাঈদ চৌধুরী এর নেতৃত্বে লন্ডনে বাংলাদেশ মিশন খোলা হয়েছিল।

১২৬. 'বিজু' কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর উৎসব?

ক. গারো খ. খাসিয়া
গ. ■ চাকমা ঘ. ত্রিপুরা

ব্যাখ্যা: বিজু মানে চাকমাদের ফুল **উৎসব**। চাকমারা বিশ্বাস করেন, এই ফুল ভাসানোর মধ্য দিয়ে পুরোনো বছরের গ্লানি মুছে গিয়ে নতুন বছর বয়ে আনে সুখ, শান্তি ও সমৃদ্ধি।

১২৭. বাংলাদেশের কোন রপ্তানি পণ্যটি White Gold নামে পরিচিত?

ক. ■ চিংড়ি খ. চামড়া
গ. পাট ঘ. তৈরি পোশাক

ব্যাখ্যা: রপ্তানি পণ্য হিসেবে চিংড়ির অপার সম্ভাবনা ও বহির্বিশ্বে ব্যাপক চাহিদার কারণে একে বাংলাদেশের 'White Gold' বলা হয়। দেশের প্রথম চিংড়ি গবেষণা কেন্দ্রটি স্থাপিত হয় বাগেরহাটে।

১২৮. দ্বিজাতি তত্ত্বের প্রবক্তা কে ছিলেন?

ক. নওয়াব সলিমুল্লাহ খ. ■ মোহাম্মদ আলী জিন্নাহ
গ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী ঘ. খাজা নাজিমউদ্দিন

ব্যাখ্যা: দ্বিজাতি তত্ত্বের প্রবক্তা— মুহম্মদ আলী জিন্নাহ। জিন্নাহ দ্বিজাতি তত্ত্বের ঘোষণা করেন— ১৯৩৯ সালে।

১২৯. 'বরেন্দ্র গবেষণা জাদুঘর' বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?

ক. চাঁপাইনবাবগঞ্জ খ. নওগাঁ
গ. বগুড়া ঘ. ■ রাজশাহী

ব্যাখ্যা: বরেন্দ্র গবেষণা জাদুঘর রাজশাহী শহরে স্থাপিত বাংলাদেশের প্রথম জাদুঘর। এটি প্রত্ন সংগ্রহে সমৃদ্ধ। এই প্রত্ন সংগ্রহশালাটি ১৯১০ খ্রিষ্টাব্দে ব্যক্তিগত উদ্যোগে স্থাপিত হয়েছিল। বর্তমানে রাজশাহী বিশ্ববিদ্যালয় এটি পরিচালনা করে থাকে।

১৩০. জনশুমারি ও গৃহগণনা রিপোর্ট ২০২২ মতে, বাংলাদেশের মোট জনসংখ্যা কত?

ক. ১৬৩.১৬ মিলিয়ন খ. ১৬৫.১৬ মিলিয়ন
গ. ১৬৭.১৬ মিলিয়ন ঘ. ■ ১৬৯.৮২ মিলিয়ন

ব্যাখ্যা: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনশুমারি ও গৃহগণনা ২০২২ সালের প্রাথমিক প্রতিবেদনে দেয়া তথ্য অনুযায়ী দেশে জনসংখ্যা এখন ১৬ কোটি ৯৮ লাখ ২৮ হাজার ৯১১ বা ১৬৯.৮২ মিলিয়ন।

১৩১. জিডিপিতে (GDP) কোনটি অন্তর্ভুক্ত নয়?

ক. ■ রেমিট্যান্স খ. রপ্তানি গ. রাজস্ব ঘ. ভোগদ্রব্য

ব্যাখ্যা: জিডিপি (GDP) বা মোট দেশজ উৎপাদন হলো দেশের ভেতরে নির্দিষ্ট সময়ে উৎপাদিত সব পণ্য ও সেবার মোট বাজারমূল্য। তাই বিদেশ থেকে প্রেরিত রেমিট্যান্স (প্রবাসী আয়) দেশের ভেতরে উৎপাদিত পণ্য ও সেবার অংশ নয়। এটি GNP (Gross National Product)-এ ধরা হয়।

১৩২. বাংলাদেশের সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে 'বার্ষিক আর্থিক বিবৃতি'-এর কথা বলা হয়েছে?

ক. ৮১ নং খ. ৮৩ নং গ. ৮৫ নং ঘ. ■ ৮৭নং

ব্যাখ্যা: সংবিধানের অধীনে 'বার্ষিক আর্থিক বিবৃতি' বলতে সরকারের বার্ষিক রাজস্ব ও ব্যয়ের অনুমান (Annual Financial Statement বা বাজেট) বোঝায়, যা সরকারের অর্থমন্ত্রী জাতীয় সংসদের কাছে উপস্থাপন করেন এবং সংসদে অনুমোদন পেলে অর্থ বরাদ্দ (Appropriation) প্রক্রিয়া শুরু হয়। সংবিধানে অনুচ্ছেদ ৮৭ স্পষ্টভাবে এই বার্ষিক আর্থিক বিবৃতির কথা বলা হয়েছে।

১৩৩. কোন সুবেদারের আমলে বাংলায় এক টাকায় ৮ মণ চাল পাওয়া যেত?

ক. ইসলাম খান খ. মুর্শিদকুলী খান

গ. ■ শায়েস্তা খান ঘ. ঈশা খান

ব্যাখ্যা: শায়েস্তা খান ছিলেন সম্রাট আলমগীরের (আওরঙ্গজেব) মামা। তিনি দুই মেয়াদে বাংলার সুবেদারির দায়িত্ব পালন করেন। প্রথমবার ১৬৬৪ থেকে ১৬৭৮ খ্রিস্টাব্দ পর্যন্ত। আর দ্বিতীয়বার ১৬৭৯ থেকে ১৬৮৮ খ্রিস্টাব্দ পর্যন্ত। সুবেদার শায়েস্তা খানের আমলে বাংলার কৃষি উৎপাদন যথেষ্ট বৃদ্ধি পায়। ফলে দ্রব্যমূল্য হ্রাস পেলে ১ টাকায় আট মণ চাল পাওয়া যেত।

১৩৪. বাংলাদেশের কোথায় উন্নত মানের কয়লার সন্ধান পাওয়া গেছে?

ক. ■ জামালগঞ্জ খ. বাখরাবাদ

গ. বিজয়পুর ঘ. রশিদপুর

ব্যাখ্যা: বাংলাদেশে উন্নতমানের কয়লার সন্ধান পাওয়া গেছে জয়পুরহাট জেলার জামালগঞ্জে। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর তথ্যমতে, দেশে আবিষ্কৃত **কয়লা** খনির সংখ্যা ৫।যথা - জামালগঞ্জ, বড়পুকুরিয়া, খালাশপীর, দীঘাপাড়া ও ফুলবাড়ী।

১৩৫. বর্তমানে সরকারি চাকরির নিয়োগে কত শতাংশ কোটা সংরক্ষণের কথা বলা আছে?

ক. ৫% খ. ■ ৭% গ. ৮% ঘ. ১০%

ব্যাখ্যা: সুপ্রিম কোর্ট **সরকারি** চাকরিতে নবম থেকে ২০-তম গ্রেড পর্যন্ত **নিয়োগের** ক্ষেত্রে মেধার ভিত্তিতে ৯৩ **শতাংশ**, মুক্তিযোদ্ধা কোটায় ৫ **শতাংশ**, ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য ১ **শতাংশ**, প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১ শতাংশের **কোটা** নির্ধারণ করে দেয়।

১৩৬. কোনটি রূপান্তরিত শিলা?

ক. বেলেপাথর খ. কয়লা গ. গ্রানাইড ঘ. ■ মার্বেল

ব্যাখ্যা: প্রচণ্ড চাপ ও তাপের কারণে চুনাপাথর পরিবর্তিত হয়ে মার্বেল গঠিত হয়। তাই মার্বেল রূপান্তরিত শিলা।

১৩৭. ১৭৮৭ সালে ভূমিকম্পের ফলে ব্রহ্মপুত্র নদের যে নতুন স্রোতধারার সৃষ্টি হয়, সেটি পরবর্তীতে কী নামে পরিচিতি পায়?

ক. বুড়িগঙ্গা খ. ধলেশ্বরী

গ. করতোয়া ঘ. ■ যমুনা

ব্যাখ্যা: ১৭৮৭ সালের ভূমিকম্পে ব্রহ্মপুত্র নদের প্রবাহ পরিবর্তিত হয়ে নতুন স্রোত তৈরি হয়। সেটিই বর্তমানে যমুনা নদী নামে পরিচিত।

১৩৮. ভূত্বকে অক্সিজেনের শতকরা পরিমাণ কত?

ক. ২০.৭১% খ. ■ ৪৬.৪৫% গ. ৫৪.১৪% ঘ. ৭৮.০২%

ব্যাখ্যা: পৃথিবীর ভূত্বকে সবচেয়ে বেশি অক্সিজেন থাকে (৪৬.৪৫%)। এরপর সিলিকন প্রায় ২৭.৭%।

১৩৯. গ্রিনহাউস প্রতিক্রিয়ার কারণে বাংলাদেশে সবচেয়ে বড় ক্ষতি কী হবে?

ক. উত্তাপ বেড়ে যাবে খ. বৃষ্টিপাত কমে যাবে

গ. ■ নিম্নভূমি নিমজ্জিত হবে ঘ. সাইক্লোনের প্রবণতা বাড়বে

ব্যাখ্যা: সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণে বাংলাদেশের উপকূলীয় নিম্নাঞ্চল যেমন সুন্দরবন, ভোলা, কক্সবাজার ইত্যাদি ডুবে যাওয়ার ঝুঁকিতে আছে।

১৪০. 'ফাতরার বন' কোন জেলায় অবস্থিত?

ক. ■ পটুয়াখালী খ. বরগুনা গ. সুনামগঞ্জ ঘ. সিলেট

ব্যাখ্যা: ফাতরার বন পটুয়াখালীর কুয়াকাটার কাছেই অবস্থিত একটি উপকূলীয় বনভূমি।

১৪১. কোনটি আবহাওয়ার উপাদান নয়?

ক. তাপমাত্রা খ. বৃষ্টিপাত গ. আর্দ্রতা ঘ. ■ বন্যা

ব্যাখ্যা: আবহাওয়ার উপাদান হলো তাপমাত্রা, আর্দ্রতা, বৃষ্টিপাত, বায়ুপ্রবাহ ইত্যাদি। বন্যা এসবের ফলাফল হতে পারে, কিন্তু উপাদান নয়।

১৪২. বাংলাদেশে কোন সময়টিতে বজ্রবৃষ্টি বেশি হয়?

ক. মার্চ-এপ্রিল খ. ■ এপ্রিল-জুন

গ. জুলাই-সেপ্টেম্বর ঘ. অক্টোবর-জানুয়ারি

ব্যাখ্যা: গ্রীষ্মকালে তীব্র গরম ও জলীয়বাষ্প মিলে বজ্রবৃষ্টি বেশি হয়, যাকে কালবৈশাখী বলা হয়।

১৪৩. নিচের কোন সাগরটি তিনটি মহাদেশকে স্পর্শ করেছে?

ক. লোহিত সাগর খ. কৃষ্ণসাগর

গ. ক্যারিবিয় সাগর ঘ. ■ ভূমধ্যসাগর

ব্যাখ্যা: ভূমধ্যসাগর ইউরোপ, এশিয়া ও আফ্রিকার মিলনস্থল।

১৪৪. পরিবেশের কোন দূষণের কারণে সম্প্রতি ঢাকার সাভার উপজেলাকে 'ডিগ্রেডেড এয়ারশেড' হিসেবে ঘোষণা করা হয়েছে?

ক. ■ বায়ুদূষণ খ. নদীদূষণ গ. শব্দদূষণ ঘ. মাটিদূষণ

ব্যাখ্যা: শিল্পকারখানা, ইটভাটা ও যানবাহনের ধোঁয়ার কারণে সাভারে বায়ুদূষণ ভয়াবহ আকার ধারণ করেছে। তাই এটি 'ডিগ্রেডেড এয়ারশেড' হিসেবে ঘোষণা করা হয়েছে।

১৪৫. কোন স্থানকে বাংলাদেশের ফুসফুস বলা হয়?

ক. সেন্টমার্টিন খ. লাউয়াছড়া গ. ■ সুন্দরবন ঘ. রাতারগুল

ব্যাখ্যা: সুন্দরবন বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বন এবং বাংলাদেশে অক্সিজেনের প্রধান উৎস। তাই একে বাংলাদেশের 'ফুসফুস' বলা হয়।

১৪৬. প্রাচীন ব্যাবিলন শহরটি বর্তমান কোন দেশে অবস্থিত?

ক. ■ ইরাক খ. তুরস্ক গ. সিরিয়া ঘ. ইরান

ব্যাখ্যা: ব্যাবিলন ছিল মেসোপটেমিয়া সভ্যতার কেন্দ্র। ইউফ্রেটিস নদীর তীরে অবস্থিত এই নগর এখনকার ইরাকের অন্তর্ভুক্ত।

১৪৭. ২০২৫ সালের ১৭তম ব্রিকস (BRICS) সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?

ক. নয়া দিল্লি খ. জোহানেসবার্গ

গ. বেইজিং ঘ. ■ রিওডি জেনেরিও

ব্যাখ্যা: ব্রাজিলের রিও ডি জেনেরিও শহরে ২০২৫ সালে ১৭তম ব্রিকস সম্মেলন অনুষ্ঠিত হয়। BRICS দশটি **দেশ** নিয়ে গঠিত একটি আন্তঃসরকারি সংস্থা - ব্রাজিল , রাশিয়া , ভারত , চীন , দক্ষিণ আফ্রিকা , মিশর , ইথিওপিয়া , ইন্দোনেশিয়া , ইরান এবং সংযুক্ত আরব আমিরাত । সর্বশেষ সদস্য- ইন্দোনেশিয়া।

১৪৮. পাকিস্তানের সীমান্তবর্তী দেশ কোনটি?

ক. মঙ্গোলিয়া খ. ■ ইরান

গ. উজবেকিস্তান ঘ. ইরাক

ব্যাখ্যা: পাকিস্তানের সীমান্তে ভারত, আফগানিস্তান, চীন ও ইরান রয়েছে।

১৪৯. ১৯৪৫ সালে কতটি দেশ জাতিসংঘ সনদে স্বাক্ষর করে?

ক. ৫০টি খ. ■ ৫১টি

গ. ৫৪টি ঘ. ৫৫টি

ব্যাখ্যা: ২৬ জুন, ১৯৪৫ সানফ্রান্সিসকো সম্মেলনে ৫০ টি দেশ জাতিসংঘ সনদে স্বাক্ষর করে। তারপর ৫১ তম দেশ হিসাবে পোল্যান্ড ১৫ অক্টোবর, ১৯৪৫ জাতিসংঘ সনদে স্বাক্ষর করে।

১৫০. সবচেয়ে শক্তিশালী মুদ্রা কোনটি?
ক. মার্কিন ডলার খ. ব্রিটিশ পাউন্ড
গ. সৌদি রিয়াল ঘ. ■ কুয়েতি দিনার
ব্যাখ্যা: বিশ্বে সবচেয়ে বেশি মানসম্পন্ন মুদ্রা হলো কুয়েতি দিনার (KWD)। ১ KWD এর বর্তমান মূল্য **৩৯৮.৬০ বাংলাদেশি টাকা**।

১৫১. সার্কের বর্তমান (SAARC) সদস্য রাষ্ট্র কয়টি?
ক. ৭টি খ. ■ ৮টি গ. ৯টি ঘ. ১০টি
ব্যাখ্যা: সার্কের ৮টি সদস্য রাষ্ট্র হলো: বাংলাদেশ, ভুটান, ভারত, মালদ্বীপ, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা ও আফগানিস্তান।

১৫২. সিডও সনদের কোন দুটি ধারায় বাংলাদেশ সরকার শর্ত সংরক্ষণের বাধ্যবাধকতা আরোপ করে রেখেছে?
ক. ২ ও ১৪ (১) গ খ. ২ ও ১৫ (১) গ
গ. ■ ২ ও ১৬ (১) গ ঘ. ২ ও ১৭ (১) গ
ব্যাখ্যা: নারীর প্রতি সব ধরনের বৈষম্য বিলোপ-সংক্রান্ত জাতিসংঘ **সনদ সিডও** (Convention on the Elimination of All Forms of Discrimination Against Women) স্বাক্ষরের চার দশকেও **দুটি ধারা** বাস্তবায়ন হয়নি। ১৯৮৪ সালে এই **সনদ** স্বাক্ষর **করে সরকার**। তবে তখনই **সনদের** ২ ও ১৬ (১) গ **ধারায় শর্ত সংরক্ষণের বাধ্যবাধকতা আরোপ** করা হয়।

১৫৩. বিশ্বব্যাংক সংশ্লিষ্ট কোন সংস্থাটি স্বল্প আয়ের উন্নয়নশীল দেশে বেসরকারি খাতে আর্থিক সহায়তা ও পরামর্শ দিয়ে থাকে?
ক. ■ IFC খ. IBRD গ. MIGA ঘ. ICSID
ব্যাখ্যা: IFC বিশ্বব্যাংক গ্রুপের অংশ, যা বেসরকারি খাতে বিনিয়োগ ও উন্নয়নে কাজ করে।

১৫৪. জাতিসংঘের মাদক ও অপরাধবিষয়ক কার্যালয় (UNODC)-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. নিউইয়র্ক খ. প্যারিস গ. ■ ভিয়েনা ঘ. জেনেভা
ব্যাখ্যা: UNODC (United Nations Office on Drugs and Crime)-এর প্রধান কার্যালয় অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় অবস্থিত।

১৫৫. মিয়ানমারের বর্তমান সামরিক জান্তার প্রধান কে?
ক. থান সুয়ে অং খ. মিন অং ওন
গ. সোয়ে উইন নু ঘ. ■ মিন অং হ্লাই
ব্যাখ্যা: ২০২১ সালের সামরিক অভ্যুত্থানের পর থেকে মিয়ানমারের সামরিক শাসনের নেতৃত্ব দিচ্ছেন জেনারেল মিন অং হ্লাইং।

১৫৬. ইজিয়ান সাগরের সাথে মর্মর সাগরের সংযোগকারী প্রণালির নাম কী?
ক. বসফরাস খ. ■ দার্দানেলিস গ. বাবেল মান্দেব ঘ. ডোভার
ব্যাখ্যা: দার্দানেলিস প্রণালি (Dardanelles) ইজিয়ান সাগরের সাথে মর্মর সাগরকে যুক্ত করেছে। বসফরাস আবার মর্মর সাগরকে কৃষ্ণসাগরের সাথে যুক্ত করে।

১৫৭. স্থায়ী জৈব দূষণকারী পদার্থ (POPs) নির্গমন হ্রাস এবং নির্মূল করা কোন আন্তর্জাতিক চুক্তির মূল লক্ষ্য?
ক. হেলসিঙ্কি কনভেনশন খ. ■ স্টকহোম কনভেনশন
গ. বুখারেস্ট কনভেনশন ঘ. ভিয়েনা কনভেনশন
ব্যাখ্যা: ২০০১ সালের স্টকহোম কনভেনশনে POPs (Persistent Organic Pollutants) হ্রাস ও নির্মূলের লক্ষ্যে স্বাক্ষর করা হয়।

১৫৮. OIC-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?
ক. ত্রিপোলি খ. কায়রো গ. দামেস্ক ঘ. ■ জেদ্দা
ব্যাখ্যা: অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন (OIC)-এর সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায় অবস্থিত।

১৫৯. মালদ্বীপের পার্লামেন্টের নাম কী?
ক. ■ পিপলস মজলিশ খ. মজলিশে শূরা
গ. শূরা মজলিশ ঘ. শূরা কাউন্সিল
ব্যাখ্যা: মালদ্বীপের জাতীয় সংসদের নাম হলো "পিপলস মজলিশ" (People's Majlis)।

১৬০. SDGs-এর ৫নং অভীষ্টে কোনটির কথা বলা হয়েছে?
ক. Quality Education খ. ■ Gender Equality
গ. Peace and Justice ঘ. Life Below Water
ব্যাখ্যা: টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs)-এর ৫ নম্বর লক্ষ্য হলো নারী-পুরুষের সমতা অর্জন এবং নারীর ক্ষমতায়ন।

১৬১. রাসায়নিক অস্ত্র উৎপাদন, ব্যবহার, মজুতকরণ এবং হস্তান্তর সম্পূর্ণভাবে নিষিদ্ধ সংক্রান্ত চুক্তি কোনটি?
ক. ■ CWC খ. CBD গ. BWC ঘ. CTBT
ব্যাখ্যা: ১৯৯৭ সালের এই চুক্তির মাধ্যমে রাসায়নিক অস্ত্রের Drcv`b, e¨envi, gRyZKiY Ges n¯Íváši mæú~Y©fv‡e নিষিদ্ধ করা হয়।

১৬২. RCEP-এর সদস্য দেশ কয়টি?
ক. ১০টি খ. ১২টি গ. ■ ১৫টি ঘ. ১৭টি
ব্যাখ্যা: RCEP (Regional Comprehensive Economic Partnership) হলো বিশ্বের সবচেয়ে বড় বাণিজ্য চুক্তি। সদস্য সংখ্যা ১৫: আসিয়ান ১০ দেশ + চীন, জাপান, দক্ষিণ কোরিয়া, অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড।

১৬৩. ২০২৫ সালে কোন দেশটি প্রথম আফগানিস্তানের তালেবান সরকারকে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি দেয়?
ক. চীন খ. পাকিস্তান গ. যুক্তরাষ্ট্র ঘ. ■ রাশিয়া
ব্যাখ্যা: ২০২৫ সালে রাশিয়া প্রথম তালেবান সরকারকে আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদান করে।

১৬৪. বিশ্ব পরিবেশ দিবস ২০২৫-এর অফিসিয়াল হ্যাশট্যাগ কী?
ক. #OnlyOneEarth
খ. ■ #BeatPlasticPollution
গ. #GenerationRestoration
ঘ. #LandRestoration
ব্যাখ্যা: ২০২৫ সালের বিশ্ব পরিবেশ দিবসে প্লাস্টিক দূষণ বন্ধ করার লক্ষ্যে এই হ্যাশট্যাগ ব্যবহার করা হয়।

১৬৫. ফিলিস্তিনের স্বাধীনতাকামী সংগঠন 'হামাস'-এর প্রতিষ্ঠাতা কে?
ক. ■ শেখ আহমদ ইয়াসিন খ. খলিল আল হাইয়া
গ. ইসমাইল হানিয়া ঘ. ইয়াসির আরাফাত
ব্যাখ্যা: ১৯৮৭ সালে শেখ আহমদ ইয়াসিন হামাস সংগঠন প্রতিষ্ঠা করেন। তিনি ছিলেন ফিলিস্তিনি মুসলিম নেতা ও মুক্তিকামী আন্দোলনের প্রধান ব্যক্তিত্ব।

১৬৬. 'Love and Freindship' is a juvenile story by–
ক. ■ Jane Austen খ. Charles Lamb
গ. Alfred Tennyson ঘ. Oliver Goldsmith
ব্যাখ্যা: এটি Jane Austen-এর কৈশোরের লেখা একটি গল্প। এখানে তার প্রাথমিক সাহিত্যিক রূপ ও হাস্যরস প্রকাশ পেয়েছে।

১৬৭. Which of the following novel is called 'A novel without a hero'?
ক. Pickwick Paper খ. ■ Vanity Fair
গ. A Doll's House ঘ. Heart of Darkness
ব্যাখ্যা: এই উপন্যাসে কোনো আদর্শ নায়ক নেই। লেখক মানব জীবনের ব্যঙ্গাত্মক দিকগুলো দেখিয়েছেন। এজন্য এটিকে "A novel without a hero" বলা হয়।

১৬৮. Who is the author of the book titled 'Man in the Iron Mask'?
ক. ■ Alexander Dumas খ. Mark Twain
গ. William Shakespeare ঘ. Jonathan Swift
ব্যাখ্যা: ফরাসি লেখক Dumas (The Three Musketeers-এর লেখক) এই উপন্যাস লিখেছেন।

১৬৯. Which transcendentalist poet wrote 'Song of Myself'?
ক. William Faulkner খ. Emily Dickinson
গ. William Blake ঘ. ■ Walt Whitman
ব্যাখ্যা: Whitman ছিলেন আমেরিকান transcendentalist কবি। তার Leaves of Grass সংকলনের অন্যতম বিখ্যাত কবিতা হলো Song of Myself, যেখানে ব্যক্তি ও প্রকৃতির একাত্মতার বিষয় উঠে এসেছে।

১৭০. 'The Lake Isle of Innisfree' is a poem by–
ক. Somerset Maugham খ. Earnest Hemingway
গ. ■ W. B. Yeats ঘ. Robert Browning
ব্যাখ্যা: কবিতায় গ্রামীণ জীবনের শান্তি ও প্রকৃতির সঙ্গে সংযোগের আকাঙ্ক্ষা প্রকাশ পেয়েছে। Yeats-এর এই কবিতা আধ্যাত্মিক ও রোমান্টিক ভাবধারার চমৎকার উদাহরণ।

১৭১. Which Romantic poet is associated with the term 'negative capability'?
ক. Samuel Taylor Coleridge খ. William Wordsworth
গ. ■ John Keats ঘ. Lord Byron
ব্যাখ্যা: Keats-এর ধারণা অনুযায়ী, সত্যিকারের কবির উচিত অস্পষ্টতা ও অনিশ্চয়তা সহ্য করার ক্ষমতা থাকা। এটিই Negative Capability।

১৭২. 'Desdemona is a character in Shakespeare's tragedy–
ক. Macbeth খ. ■ Othello
গ. Hamlet ঘ. King Lear
ব্যাখ্যা: Desdemona হলেন Othello নাটকের প্রধান চরিত্র এবং Othello-এর স্ত্রী।

১৭৩. Which of these literary ages occurred last?
ক. ■ Restoration Age খ. Jacobean Age
গ. Commonwealth Period ঘ. Caroline Age
ব্যাখ্যা:
- Jacobean (1603–1625)
- Caroline (1625–1649)
- Commonwealth (1649–1660)
- Restoration (1660–1689) → সর্বশেষ

১৭৪. Who is the author of Pilgrims Progress?
ক. Edmund Spenser খ. John Milton
গ. ■ John Bunyan ঘ. Jonathan Swift
ব্যাখ্যা: এটি খ্রিস্টান রূপকধর্মী (allegorical) উপন্যাস। Bunyan-এর লেখা এবং প্রথম প্রকাশ ১৬৭৮ সালে।

১৭৫. Who wrote 'The Lady of Shalott,' a narrative poem that explores the themes of love and isolation?
ক. John Keats খ. ■ Alfred Tennyson
গ. Percy Bysshe Shelley ঘ. Lord Byron
ব্যাখ্যা: Alfred Lord Tennyson ছিলেন ভিক্টোরিয়ান যুগের বিখ্যাত কবি। তার "The Lady of Shalott" একটি narrative poem।

১৭৬. 'Areopagitica' is a prose work by–
ক. Samuel Johnson খ. Francis Bacon
গ. John Dryden ঘ. ■ John Milton
ব্যাখ্যা: এটি freedom of press এর পক্ষে লেখা এক বিখ্যাত গদ্য রচনা।

১৭৭. 'She Stoops to Conquer' is a play by–
ক. ■ Oliver Goldsmith খ. Samuel Beckett
গ. Jane Austen ঘ. Thomas Hardy
ব্যাখ্যা: এটি ১৮শ শতকের বিখ্যাত হাস্যরসাত্মক নাটক।

১৭৮. Who wrote The Sound and the Fury?
ক. Francis Bacon খ. ■ William Faulkner
গ. Harriet Beecher Stowe ঘ. Thomas Hardy
ব্যাখ্যা: এটি আমেরিকান modernist উপন্যাস, stream-of-consciousness শৈলীতে লেখা।

১৭৯. 'Parting is such sweet sorrow' is a famous line from Shakespeares–
ক. Measure for Measure খ. As You Like It
গ. ■ Romeo and Juliet ঘ. Antony and Cleopatra
ব্যাখ্যা: Juliet এই লাইনটি বলে, যখন Romeo কে বিদায় জানায়।

১৮০. Who is known as the 'Father of Romantic Poetry'?
ক. ■ William Wordsworth খ. John Keats
গ. Samuel Taylor Coleridge ঘ. Lord Byron
ব্যাখ্যা: Wordsworth-এর Lyrical Ballads (Coleridge-এর সাথে যৌথভাবে) Romantic যুগ শুরু করে।

১৮১. Change the voice : 'One should keep one's promise'.
ক. One's promise should be kept
খ. ■ A promise should be kept.
গ. One's promise should be kept by one
ঘ. Promise should be kept.
ব্যাখ্যা: Impersonal passive form ব্যবহার করা হয়েছে।

১৮২. The prefix 'inter' in the word 'interact' means–
ক. before খ. inside
গ. against ঘ. ■ between
ব্যাখ্যা: interact = act between people.

১৮৩. The staff who waited___us at dinner were excellent.
ক. of খ. to
গ. in ঘ. ■ on
ব্যাখ্যা: wait on = serve someone.

১৮৪. What is the plural form of 'Opus'?
ক. Opses খ. Opusum
গ. ■ Opera ঘ. Opium
ব্যাখ্যা: ল্যাটিন শব্দ Opus → Opera (works of art)।

১৮৫. We insist on___leaving the room.
ক. yours খ. you
গ. to you ঘ. ■ your
ব্যাখ্যা: "insist on + possessive + gerund" ব্যবহার হয়।

১৮৬. What is the verb of the word 'antagonism'?
ক. antaginistic খ. ■ antagonize
গ. antagonisely ঘ. antagonistically
ব্যাখ্যা: antagonism = বিরোধ → antagonize = বিরোধ সৃষ্টি করা।

১৮৭. The patient died____the doctor had come.
ক. ■ after খ. before
গ. as ঘ. since
ব্যাখ্যা: এই বাক্যটি দুটি ঘটনা বোঝাচ্ছে–
1.ডাক্তার এসেছিলেন (the doctor had come)
2.রোগী মারা গিয়েছিল (the patient died)
এখানে ঘটনাগুলো সময় অনুযায়ী সাজানো হয়েছে। প্রথমে ডাক্তার এসেছিল, তারপর রোগী মারা যায়।
তাহলে "after" ব্যবহার করতে হবে।

১৮৮. Which 'up' is an adverb?
ক. Our system should be up by the noon.
খ. Every man has ups and downs in life.
গ. ■ Prices of essential commodities are going up.
ঘ. We had our ups and downs of fortune.
ব্যাখ্যা: এখানে up → verb going কে modify করছে (adverb)।

১৮৯. The word 'nuptial' is related to–
ক. flight খ. ■ marriage গ. neptune ঘ. Norway
ব্যাখ্যা: nuptial rites = বিবাহ সংক্রান্ত অনুষ্ঠান।

১৯০. He did not let me______what he was writing.
ক. saw খ. ■ see
গ. seeing ঘ. seen
ব্যাখ্যা: let + object + base form of verb.

১৯১. The boy is fond of <u>playing</u> cricket. Here the underlined word is a/an–
ক. participle খ. verbal noun
গ. ■ gerund ঘ. irregular verb
ব্যাখ্যা: এখানে verb+ing noun-এর মতো ব্যবহার হয়েছে তাই এটি gerund.

১৯২. He died_____overwork.
ক. at খ. of
গ. ■ from ঘ. by
ব্যাখ্যা:
⇨ **die of** → যখন রোগ বা স্বাভাবিক শারীরিক কারণ বোঝানো হয়।
Example: He died of cancer.
⇨ **die from** → যখন বাহ্যিক কারণ, পরিশ্রম, দুর্ঘটনা, অতিরিক্ত কাজ ইত্যাদি বোঝানো হয়।
Example: He died from overwork.
⇨ **die in** → কোনো নির্দিষ্ট দুর্ঘটনায় মারা গেলে।
Example: He died in an accident.
⇨ **die by** → যখন কোন মাধ্যম/উপায় দ্বারা মৃত্যু হয়।
Example: He died by the sword.

১৯৩. Which one is always used as singular?
ক. staff খ. horse
গ. custom ঘ. ■ bread
ব্যাখ্যা: bread একটি uncountable noun।

১৯৪. Shaif did not join the army. Here the word 'army' is–
ক. An abstract noun খ. A common noun
গ. ■ A collective noun ঘ. A material noun
ব্যাখ্যা: army = group of soldiers = Collective Noun

১৯৫. One whose attitude is 'eat, drink and be merry' is a/an–
ক. ■ epicurean খ. materialistic
গ. cynic ঘ. stoic
ব্যাখ্যা: epicurean = যারা ভোগবিলাসকে জীবনের লক্ষ্য মনে করে।

১৯৬. Uneasy lies the head <u>that wears a crown</u>. Here, the underlined part is a/an–
ক. Noun clause খ. ■ Adjective clause
গ. Adverb clause ঘ. Principal Clause
ব্যাখ্যা: that wears a crown → crown/head কে qualify করছে → Adjective clause।

১৯৭. Synonym of 'levity' is–
ক. Solemnity খ. Tragedy
গ. ■ Hilarity ঘ. Gravity
ব্যাখ্যা: levity = lightness , hilarity (হাস্যরসাত্মক ভাব)।

১৯৮. Which spelling of the following word is correct?
ক. ■ phenomenological খ. phanomanological
গ. phanomenological ঘ. pheanomanological

১৯৯. No sooner had she said it___she burst into tears.
ক. then খ. ■ than
গ. before ঘ. when
ব্যাখ্যা: No sooner had … **than** + Sub + V3.

২০০. Phrasal verb 'Hang up' is best suited with–
ক. Friends খ. Punishment
গ. Calendar ঘ. ■ Telephone
ব্যাখ্যা: hang up = ফোন কেটে দেওয়া।